



বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bangladeshbank.org.bd



সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১১-১২

তারিখঃ ২৫ আগস্ট, ২০১১
১০ ভদ্র, ১৪১৮

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২Q ধারার অধীন বিদেশ থেকে প্রাপ্ত সার্ভিস চার্জ বা
কনসালটেন্সী ফি এর উপর ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক উৎসে কর কর্তন প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রেরিত পত্র নং-
জারাবো/আঃআঃবি/কর-৭/০২/২০১১(অংশ-১)/১৫০, তারিখঃ ২৮/০৭/২০১১ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
অপর পৃষ্ঠায় হুবহু পুনর্মুদ্রণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহিরুল হক)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং জারাবো/আ:আ:বি/কর-৭/০২/২০১১ (অংশ-১)/ ৩ ৫ ০

তারিখ: ২৮/০৭/২০১১।

বিষয়: আয়কর অধ্যাদেশ, ১৯৮৮ এর 52Q ধারার অধীন বিদেশ থেকে প্রাপ্ত সার্ভিস চার্জ বা কনসালটেন্সী ফি এর উপর ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক উৎসে কর কর্তন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

২। এ বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, অর্থ আইন, ২০১১ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৮ এ নতুন section 52Q ধারা সংযোজন করা হয়েছে। এ বিধান অনুযায়ী দেশে অবস্থান করে বিদেশী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোন সেবা প্রদান বা কাজ করার প্রেক্ষিতে বিদেশ থেকে প্রাপ্ত অর্থের উপর ১০% হারে উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। এরূপ অর্থ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের গ্রাহকের হিসাবে ক্রেডিটকালে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। এ কর কর্তনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় বিবেচ্য:

- (ক) নিবাসী করদাতা কর্তৃক শুধুমাত্র দেশে অবস্থান করে কাজ সম্পাদন করা বা সেবা দেয়া;
- (খ) বিদেশী কোন ব্যক্তি বা কোম্পানীকে এ সেবা প্রদান করা বা কাজ সম্পাদন করে দেয়া;
- (গ) বিদেশ থেকে এ সেবা বা কাজের বিপরীতে অর্থ পাওয়া; এবং
- (ঘ) সার্ভিস চার্জ, কনসালটেন্সী ফি, কমিশন, সম্মানী বা যে কোন নামেই প্রেরিত অর্থ।

উপরোক্ত সবগুলো শর্ত পূরণ করলেই কেবল এ ধারায় উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। তবে বিশেষভাবে উল্লেখ্য যে, ওয়েজ আর্নার্স রেমিট্যান্স থেকে কোন উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।

৩। আয়কর আইনের ৬ষ্ঠ তফসিলের পার্ট-এ এর প্যারা 33 অনুযায়ী সফটওয়্যার উন্নয়ন ব্যবসা বা Information Technology Enabled Services (ITES) এর আয় জুন, ২০১৩ পর্যন্ত করমুক্ত বিধায় এ জাতীয় সেবা বা কাজের বিপরীতে বিদেশ থেকে প্রাপ্ত অর্থের উপরও ঐ সময় পর্যন্ত কোন উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। এ সংক্রান্ত আয় নির্দিষ্ট সময় পর্যন্ত সম্পূর্ণ করমুক্ত বিধায় এর সমর্থনে আয়কর বিভাগের কোন প্রত্যয়নপত্র উপস্থাপনেরও প্রয়োজন নেই। ITES এর মধ্যে নিম্নোক্ত খাতগুলি অন্তর্ভুক্ত:

Digital Content Development and Management, Animation (both 2D and 3D), Geographic Information Services (GIS), IT Support and Software Maintenance Services, Web Site Services, Business Process Outsourcing, Data entry, Data Processing, Call Centre, Graphics Design (digital service), Search Engine Optimization, Web Listing, E-commerce and Online Shopping, document conversion, imaging and archiving.

৪। এ প্রেক্ষিতে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৮ এর নতুন প্রবর্তিত ধারা 52Q এর আলোকে উৎসে কর কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(আমিনু রহমান)

সদস্য (আয়কর নীতি)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৮/০৭